দৈনিক ইত্তেফাক
তারিখ ৭ ?] APR 1998
পৃঃ ৪ কলাম ৩

## সরকারী কলেজ-শিক্ষকদের চাকুরীর বয়সসীমা

সরকারী কলেজ-শিক্ষকদের চাকুরীর সর্বোচ্চ বয়সসীমা ৫৭ বৎসর, যাহা বহু বৎসর পূর্বে নির্ধারিত হইয়াছিল। বিগত সরকারের আমলে কেবল ইংরেজী বিষয়ের শিক্ষকদের চাকুরীর বয়সসীমা ৬০ বৎসরে উন্নীত করা হয়, অন্যান্য বিষয়ের শিক্ষকদের বয়স অপরিবর্তিত রাখা হয়। একই ক্যাডারভুক্ত শিক্ষকদের অবসর গ্রহণের ভিন্ন ভিন্ন বয়স নির্ধারণ সম্পূর্ণভাবে অযৌক্তিক। বর্তমান সরকারের সময়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের চাকুরীর বয়সসীমা ৬৫ বৎসর করা হইয়াছে। বহুসংখ্যক সরকারী কলেজে বিশ্ববিদ্যালয়ের অনুরূপ স্নাতকোত্তর পর্যন্ত শিক্ষাদান চালু রহিয়াছে। এই ধরনের কলেজের সংখ্যা সরকার কর্তৃক দিন দিন বৃদ্ধি করা হইতেছে। উচ্চ শিক্ষা সর্বস্তরের জনগণের দ্বারপ্রান্তে পৌছাইবার এই প্রচেষ্টা নিঃসন্দেহে অভিনন্দনযোগ্য। কিন্তু একই সাথে অভিজ্ঞ ও দক্ষ শিক্ষকদের প্রয়োজনীয়তার বিষয়টি স্মরণ রাখা অপরিহার্য। বিশ্ববিদ্যালয় এবং সরকারী কলেজের শিক্ষকদের চাকুরীর প্রকৃতি অভিন্ন। যে কারণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের চাকুরীর বয়সসীমা ৬৫ বৎসরে উন্নীত করা হইয়াছে, সেই একই কারণে সরকারী কলেজের শিক্ষকদের চাকুরীর বয়সসীমা বৃদ্ধি করা প্রয়োজন। ইহা করা না হইলে স্নাতক সম্মান এবং স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার মান ক্রমাবনতির পথে ধাবিত হইতে বাধ্য, যাহা বিবেকসম্পন্ন দেশবাসীর কাম্য হইতে পারে না। এতদ্ব্যতীত গড় আয়ু বৃদ্ধির কারণে অধিকাংশ শিক্ষক অবসর গ্রহণের পর বেকার অবস্থায় অর্থ কষ্টে দিন যাপন করেন। ইহা মানব সম্পদ অপচয়ের সামিল। অবসর গ্রহণের পর জীবিকা নির্বাহের তাগিদে অন্য অনেক চাকুরীজীবীর ন্যায় যে কোন ধরনের চাকুরী গ্রহণ শিক্ষকদের পক্ষে সম্ভবও নহে, শোভনও নহে। সরকারী কলেজসমূহে উল্লেখ-যোগ্যসংখ্যক পদ বছরের পর বছর খালি থাকে, যাহা সহসা পূরণ করা সম্ভব হয় না। ইহাতে জাতির ভবিষ্যৎ ছাত্র সমাজের অপূরণীয় ক্ষতি সাধিত হয়। অবসর গ্রহণের বয়সসীমা বৃদ্ধি করা হইলে অভিজ্ঞ শিক্ষকদের পক্ষে আরও অধিক দিন জ্ঞান বিতরণ সম্ভব হইবে, তাহাতে ছাত্র সমাজ তথা দেশ ও জাতি উপকৃত হইতে পারে। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, বিচারপতিদের চাকুরীর বয়সসীমাও ইতিপূর্বে ৬০ বৎসরে উন্নীত করা হইয়াছে। বেসরকারী কলেজের শিক্ষকগণও ৬০ বা তদূর্ধ্ব বয়স পর্যন্ত চাকুরী করিয়া থাকেন। বর্তমানে বেসরকারী কলেজের শিক্ষকদের বেতন-ভাতার ৮০% সরকার প্রদান করেন। সকল দিক পর্যালোচনাপূর্বক দেশ ও জাতির সার্বিক কল্যাণার্থে সরকারী কলেজের ইংরেজী বিষয়ের শিক্ষকদের ন্যায় সকল বিষয়ের শিক্ষকদের চাকুরীর বয়সসীমা ৬০ বা তদূর্ধ্ব বৎসর করিবার বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

—প্রফেসর মাজহারুল হক,
অধ্যাপক-অর্থনীতি,
প্রেষণে প্রকল্প পরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর,
শিক্ষা ভবন, ঢাকা-১০০০।